গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১।

বিষয়ঃ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় ২০১৫-১৬ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের মার্চ, ২০১৬ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

২৬/০৪/২০১৬ তারিখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে ২০১৫-২০১৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের মার্চ,২০১৬ মাসের বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব মোঃ আব্দুল জলিল।

২। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযোজিত।

৩। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় অবহিত করা হয় যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৫-২০১৬ অর্থ বছরের বাজেট ৪২৭৮২.১০ লক্ষ টাকা (অননুন্নয়ন ১৭৫৯৫.১০ + উন্নয়ন ২৫১৮৭.০০)। অননুমোদিত প্রকল্পসমূহের জন্য ২৬০০.০০ লক্ষ টাকা থোক বরাদ্দ রয়েছে। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় চলতি ২০১৫-২০১৬ অর্থ বছরের এডিপিতে অনুমোদিত ০৫টি এবং অননুমোদিত ১৬টি প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে। এডিপিভুক্ত অনুমোদিত প্রকল্পসমূহের অনুকূলে চলতি অর্থ বছরে বরাদ্দ রয়েছে ২২৫৮৭.০০ লক্ষ টাকা। মার্চ,২০১৬ পর্যন্ত অবমুক্ত হয়েছে ১৬৭৯০.২৫ লক্ষ টাকা (৭৪.৩৩%) এবং উক্ত সময় পর্যন্ত ব্যয় হয়েছে ১৬০২৯.১৮ লক্ষ টাকা (৭০.৯৬%)। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৩.১ | **''মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়''শীর্ষক প্রকল্পঃ** সভায় প্রকল্পটির আওতায় পরিচালিত শিক্ষা কেন্দ্রসমূহের কোন ডাটা বেইজ আছে কিনা সে বিষয়ে জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটির আওতায় পরিচালিত শিক্ষা কেন্দ্রসমূহের নাম ও ঠিকানা, প্রকল্প অফিস এবং ইসলামিক ফাউন্ডেশনে জেলা কার্যালয়ে রক্ষিত রয়েছে। তবে কম্পিউটারে ডাটা বেইজ করা হয়নি। সভায় শিক্ষা কেন্দ্রসমূহের নাম ও ঠিকানা, ছাত্র-ছাত্রীদের নাম এবং শিক্ষক/শিক্ষিকার নাম, শিক্ষাগত যোগ্যতা এবং মোবাইল নম্বরসহ ইত্যাদি তথ্যাদি সম্বলিত একটি ডাটা বেইজ করার বিষয়ে একমত পোষণ করা হয়। | ক) ''মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়''শীর্ষক প্রকল্পের শিক্ষা কেন্দ্রসমূহের নাম ও ঠিকানা, ছাত্র-ছাত্রীদের নাম এবং শিক্ষক/শিক্ষিকার নাম, শিক্ষাগত যোগ্যতা এবং মোবাইল নম্বরসহ ইত্যাদি তথ্যাদি সম্বলিত একটি ডাটা বেইজ তৈরীর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ৩.২ | **"মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৪র্থ পর্যায়" শীর্ষক প্রকল্পঃ** সভায় আলোচনা হয় যে, প্রকল্পের উপ-পরিচালকের দুইটি পদই শূন্য। প্রেষণে পূরণযোগ্য ০১জন উপ-পরিচালক নিয়োগের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়। সরাসরি নিয়োগ যোগ্য ০১জন উপ-পরিচালক নিয়োগের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে এবং আবেদনপত্র জমা হয়েছে। প্রকল্পের ১টি ডাটা বেইজ তৈরী এবং সরাসরি নিয়োগযোগ্য উপ-পরিচালক পদটি দ্রুত পূরণের পদক্ষেপ গ্রহণের জন্য প্রকল্প পরিচালক-কে সভায় নির্দেশনা প্রদান করা হয়। | মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৪র্থ পর্যায়" শীর্ষক প্রকল্পের ১টি ডাটা বেইজ তৈরী এবং প্রকল্পের আওতায় সরাসরি নিয়োগযোগ্য উপ-পরিচালক পদটি দ্রুত পূরণের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ৩.৩ | **"প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা" শীর্ষক প্রকল্পঃ** প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রকল্পের আওতায় শিক্ষকদের বুনিয়াদী প্রশিক্ষণ ও কর্মশালার আয়োজন সফলভাবে সম্পন্ন করা হয়েছে। ফিল্ড সুপারভাইজারদের মধ্যে মটর সাইকেল বিতরণ করা হয়েছে। সভায় প্রকল্পের পরিদর্শন কার্যক্রম জোরদার এবং প্রকল্প এলাকায় পরিচালিত প্রাথমিক বিদ্যালয়, অন্য প্রকল্পের আওতায় পরিচালিক প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্র এবং এনজিও পরিচালিত স্কুলের সাথে বিবেচ্য প্রকল্পের শিক্ষা কেন্দ্রের দ্বৈততা যাতে না হয়, কেন্দ্র নিবার্চনের সময় সে বিষয়টি লক্ষ্য রাখার নির্দেশনা প্রদান করা হয়। | "প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা" শীর্ষক প্রকল্পের পরিদর্শন কার্যক্রম জোরদার এবং প্রকল্প এলাকায় পরিচালিত প্রাথমিক বিদ্যালয়, অন্য প্রকল্পের আওতায় পরিচালিক প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্র এবং এনজিও পরিচালিত স্কুলের সাথে বিবেচ্য প্রকল্পের শিক্ষা কেন্দ্রের দ্বৈততা যাতে না হয়, কেন্দ্র নিবার্চনের সময় সে বিষয়ে লক্ষ্য রাখতে হবে। | প্রকল্প পরিচালক |

(চলমান পাতা/২)

| | | | |
|---|---|---|---|
| ৩.৪ | **"ধর্মীয় ও আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতাবৃদ্ধিকরণ"শীর্ষক প্রকল্পঃ** সভায় আলোচনা হয় যে, প্রকল্পটির অগ্রগতি তুলনামূলক কম। চলতি অর্থ বছরের সংশোধিত বাজেট বরাদ্দ অনুযায়ী প্রকল্পটির কার্যক্রম জোরদারকরণ এবং চলতি বছরের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করা হয়। | "ধর্মীয় ও আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতাবৃদ্ধিকরণ"শীর্ষক প্রকল্পের চলতি অর্থ বছরের সংশোধিত বাজেট বরাদ্দ অনুযায়ী প্রকল্পটির কার্যক্রম জোরদারকরণ এবং চলতি বছরের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ৩.৫ | **নতুন অননুমোদিত প্রকল্পঃ** ইসলামিক ফাউন্ডেশনের জেলা ভবন নির্মাণ প্রকল্প (২য় পর্যায়) প্রকল্পঃ সভায় জানানো হয় যে, প্রকল্পটি পরিকল্পনা কমিশনের প্রকল্প মূল্যায়ন কমিটির সভায় সুপারিশ করা হয়নি। উক্ত সভায় পরিকল্পনা কমিশন কর্তৃক জানানো হয়েছে যে, সরকার কর্তৃক প্রতিটি জেলায় জেলা পরিষদ/জেলা প্রশাসকের কার্যালয়ের সন্নিকটে সুউচ্চ ভবন নির্মাণ করে জেলা পর্যায়ে সকল অফিস একই ভবনে আনার লক্ষ্যে পরিকল্পনা গ্রহণ করেছে। এ বিষয়ে ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক জানান যে, ইসলামিক ফাউন্ডেশনের জেলা পর্যায়ে "মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়"শীর্ষক প্রকল্পের শিক্ষকদের প্রশিক্ষণ, হজ্জ যাত্রীদের প্রশিক্ষণ, ইমাম সম্মেলন ইত্যাদি আয়োজন করা হয় বিধায় কেন্দ্রীয়ভাবে নির্মিত সুউচ্চ ভবনে ইসলামিক ফাউন্ডেশনের অফিস স্থানান্তর করা হলে ইসলামিক ফাউন্ডেশনের কার্যক্রম পরিচালনায় সমস্যা সৃষ্টি হবে। বিবেচ্য প্রকল্পের আওতায় ১০টি জেলায় অফিস ভবন নির্মাণের প্রস্তাব করা হয়েছে এবং প্রতিটি জেলায় ইসলামিক ফাউন্ডেশনের নিজস্ব জায়গা রয়েছে। সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, ইসলামিক ফাউন্ডেশনের জেলা ভবন নির্মাণ প্রকল্প (২য় পর্যায়) প্রকল্পটির বিষয়ে ইসলামিক ফাউন্ডেশন, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও পরিকল্পনা কমিশনের প্রতিনিধিদেরকে নিয়ে একটি পর্যালোচনা সভা আহবানের মাধ্যমে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে। | ইসলামিক ফাউন্ডেশনের জেলা ভবন নির্মাণ প্রকল্প (২য় পর্যায়) প্রকল্পটির বিষয়ে ইসলামিক ফাউন্ডেশন, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও পরিকল্পনা কমিশনের প্রতিনিধিদেরকে নিয়ে একটি পর্যালোচনা সভা আহবানের মাধ্যমে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন। |
| ৩.৬ | উপজেলা ভিত্তিক ১টি করে মডেল মসজিদ ও ইসলামিক ফাউন্ডেশনের অফিস ভবন স্থাপন প্রকল্প (১ম পর্যায়) : সভায় জানানো হয় যে, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশিত গুরুত্বপূর্ণ প্রকল্পটির নক্‌শা প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর সম্মতির পর প্রকল্পটির ব্যয় প্রাক্কলন, ডিপিপি প্রণয়ন ইত্যাদি কাজ জরুরী ভিত্তিতে করার জন্য ইসলামিক ফাউন্ডেশনকে নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা ভিত্তিক ১টি করে মডেল মসজিদ ও ইসলামিক ফাউন্ডেশনের অফিস ভবন স্থাপন প্রকল্প (১ম পর্যায়) প্রকল্পটির নকশা অনুমোদন, ব্যয় প্রাক্কলন, ডিপিপি প্রণয়ন ইত্যাদি কাজ জরুরী ভিত্তিতে করার জন্য ইসলামিক ফাউন্ডেশন সংশ্লিষ্ট সকলের সাথে প্রয়োজনীয় যোগাযোগ রক্ষা করবে। | মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন। |
| ৩.৭ | সভায় জমিয়াতুল ফালাহ মসজিদের সম্প্রসারণ প্রকল্পের ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ এবং পিইসি সভার সুপারিশকৃত যে সকল পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে, সেগুলো অনুমোদনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য ইসলামিক ফাউন্ডেশনকে নির্দেশনা প্রদান করা হয়। | জমিয়াতুল ফালাহ মসজিদের সম্প্রসারণ প্রকল্পের ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ এবং পিইসি সভার সুপারিশকৃত যে সকল পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে, সেগুলো অনুমোদনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন। |

(চলমান পাতা/৩)

| | | | |
|---|---|---|---|
| ৩.৮ | ঐতিহ্যবাহী পুরাতন মন্দির পূণর্নির্মাণ/মেরামত/সংস্কার প্রকল্পটি এককভাবে; 'মন্দির ভিত্তিক পাঠাগার স্থাপন ও শক্তিশালীকরণ' এবং 'সনাতন ধর্মীয় পুস্তক প্রকাশনা ও গবেষণা' প্রকল্প দুইটি একসাথে একটি প্রকল্প হিসেবে প্রণয়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভায় হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্টকে নির্দেশনা প্রদান করা হয়। | ঐতিহ্যবাহী পুরাতন মন্দির পূণর্নির্মাণ/ মেরামত/সংস্কার প্রকল্পটি এককভাবে; 'মন্দির ভিত্তিক পাঠাগার স্থাপন ও শক্তিশালীকরণ' এবং 'সনাতন ধর্মীয় পুস্তক প্রকাশনা ও গবেষণা' প্রকল্প দুইটি একসাথে একটি প্রকল্প হিসেবে প্রণয়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সচিব, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট। |

৪। আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাঃ/-১১/০৫/২০১৬ খ্রি:
মোঃ আব্দুল জলিল
ভারপ্রাপ্ত সচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

নং-১৬.০০.০০০০.০০৮.০৮.০৪২.১৪/৯৫৫ তারিখঃ ১২.০৫.২০১৬ খ্রিঃ

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জেষ্ঠ্যতাক্রমানুসারে নয়)।

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃঃ আঃ উপ-সচিব, বাজেট শাখা-২৩)
০৩। অতিরিক্ত সচিব, প্রশাসন, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। যুগ্ম-সচিব(সংস্থা/উন্নয়ন/হজ্জ/বাজেট), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। মহাপরিচালক, শিক্ষা ও সামাজিক সেক্টর, শেরে বাংলা নগর, ঢাকা।
০৬। ওয়াকফ্ প্রশাসক, ওয়াকফ্ প্রশাসকের কার্যালয়,নিউ স্কাটন, ঢাকা।
০৭। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
০৮। যুগ্ম-প্রধান-২, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৯। যুগ্ম-প্রধান, শিক্ষা উইং, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর,ঢাকা।
১০। পরিচালক-১০, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১১। উপ-সচিব (উন্নয়ন/বাজেট), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। প্রকল্প পরিচালক,মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন,ঢাকা।
১৪। প্রকল্প পরিচালক, ''মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৪র্থ পর্যায়''শীর্ষক প্রকল্প, ১/আই, পরিবাগ, ঢাকা।
১৫। প্রকল্প পরিচালক ''প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা'' শীর্ষক প্রকল্প,বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
১৬। প্রকল্প পরিচালক, ''ধর্মীয় ও আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতাবৃদ্ধিকরণ''শীর্ষক প্রকল্প, ৮৮২ (২য় তলা), শহীদবাগ, শাহজাহানপুর, ঢাকা।
১৭। প্রকল্প পরিচালক, মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন,ঢাকা।
১৮। সচিব, হিন্দু /বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
১৯। পরিচালক, পরিকল্পনা বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন,আগারগাঁও, ঢাকা।
২০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, সচিবালয় ভবন ৩য় ফেজ, সেগুন বাগিচা, ঢাকা।
২১। ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২। সহকারী প্রোগ্রামার, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হ'ল)।
২৩। অফিস কপি/গার্ড ফাইল।

১২/০৫/১৬

শেখ শামছুর রহমান
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯৫৭৭২৩৭